

৬ মাস পর তাজমহল খুলল

প্রথম আলো ডেস্ক

<https://www.prothomalo.com/world/india/%E0%A7%AC-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%B8-%E0%A6%AA%E0%A6%B0-%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%9C%E0%A6%AE%E0%A6%B9%E0%A6%B2-%E0%A6%96%E0%A7%81%E0%A6%B2%E0%A6%B2>

প্রকাশ: ২১ সেপ্টেম্বর ২০২০, ১৪:২৬



ছয় মাস পর তাজমহল খুলেছে। সেখানে গিয়ে পর্যটকেরা সেলফি তুলছেন। আগ্রা, উত্তর প্রদেশ, ভারত, ২১ সেপ্টেম্বর ছবি: এএফপি

করোনার কারণে ছয় মাসের বেশি সময় বন্ধ থাকার পর আগ্রার তাজমহল আজ সোমবার সকালে ফের খুলেছে। এনডিটিভি অনলাইনের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

দর্শনার্থীদের জন্য তাজমহল খুললেও থাকছে করোনার কঠোর স্বাস্থ্যবিধি। এসব বিধি অনুসরণ করেই

তাজমহল দর্শনের সুযোগ পাবেন দর্শনার্থীরা।

আজ থেকে আগ্রা দুর্গও জনসাধারণের জন্য খুলে গেছে। এ ক্ষেত্রেও দর্শনার্থীদের মানতে হবে

স্বাস্থ্যবিধি। করোনার কারণে গত ১৭ মার্চ থেকে তাজমহল ও আগ্রা দুর্গ বন্ধ ছিল।

আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া জানিয়েছে, কেন্দ্র থেকে যেসব স্বাস্থ্য-নিরাপত্তাবিধি জারি করা হয়েছে, তাজমহল ও আগ্রা দুর্গ পরিদর্শনের সময় তার সবকিছু মানতে হবে। এসব বিধির মধ্যে সামাজিক দূরত্ব বজায়, হাত স্যানিটাইজেশনের মতো বিষয় রয়েছে।

দিনে মাত্র পাঁচ হাজার দর্শনার্থী তাজমহল পরিদর্শন করতে পারবেন। তাজমহল পরিদর্শনে দর্শনার্থীদের জন্য দুটি শিফট করা হয়েছে। প্রতি শিফটে আড়াই হাজার করে দর্শনার্থী ঢুকতে পারবেন।

অন্যদিকে, দিনে আগ্রা দুর্গ পরিদর্শন করতে পারবেন মোট আড়াই হাজার দর্শনার্থী।

আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার সুপারিনটেনডেন্ট আর্কিওলজিস্ট বসন্ত কুমার স্বর্ণকার বলেন, তাজমহলে ঢোকানোর জন্য অনলাইনে টিকিট কাটতে হবে। টিকিট কাউন্টার বন্ধ থাকবে। তাজমহলে ঢোকানোর ক্ষেত্রে সবাইকে অবশ্যই মাস্ক পরতে হবে।

প্রতিবছর প্রায় ৭০ লাখ দর্শনার্থী তাজমহল পরিদর্শন করেন। এই দর্শনার্থীদের বেশির ভাগই বিদেশি পর্যটক। অন্যদিকে, প্রতিবছর প্রায় ৩০ লাখ দর্শনার্থী আগ্রা দুর্গ পরিদর্শন করেন।